দৈনিক সংবাদ



বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 JUN 1989
পৃষ্ঠা ... ... কলাম ৬

# খাতার সাথে জুতা মোজাও পাঠানো হলো

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

পাবনা, ১২ই জুন।-- পরীক্ষার্থীটির খাতার সঙ্গে প্যাকেট করে তার জুতা ও মোজা ঢাকায় পাঠানো হলো। এ ঘটনা ঘটেছে পাবনায়।

আজ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে কামেল পরীক্ষায় পাবনা শহরের আলীয়া মাদ্রাসা কেন্দ্র থেকে নকল করার অভিযোগে এমন একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় যার পায়ের মোজার ভেতর থেকে বোখারী হাদীস শরীফের কয়েকটি পাতা উদ্ধার করা হয়। ঐ পরীক্ষার্থীটি রাবারের বেল্ট দিয়ে পায়ের পাতার সাথে নকল বেঁধে রেখেছিল।

ঐ পরীক্ষার্থীর খাতার সাথে তার কাছ থেকে পাওয়া নকল এবং জুতা ও মোজা প্যাকেট করে ঢাকায় মাদ্রাসা বোর্ডে আজ

(৭-এর পাতায় দেখুন)

## খাতার সাথে

(১ম পাতার পর)

পাঠানো হয়েছে। পাবনা জেলা প্রশাসক এই প্রতিনিধিকে বলেন যে তিনি নিজেই আজ ঐ পরীক্ষার্থীটির মোজার ভেতর থেকে নকল (হাদীস শরীফের পাতা) উদ্ধার করেন এবং এক জন শিক্ষকের মাধ্যমে তাকে বহিষ্কার করেন।

আলীয়া মাদ্রাসার ঐ কেন্দ্রটি থেকে আজ মোট ২৯ জন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়। জেলা প্রশাসন সূত্রে বলা হয়েছে যে, এদের মধ্যে পাঁচজন পরীক্ষার্থীর জাঙ্গিয়ার ভেতর থেকে বেশ কিছু নকল উদ্ধার করা হয়। অবশ্য ঐ জাঙ্গিয়াগুলো জুতা ও মোজার মত করে পরীক্ষার খাতার সাথে ঢাকায় পাঠানো হয়নি। ঐ কেন্দ্র থেকে দু'বস্তা নকল উদ্ধার করা হয়।

পরীক্ষা কেন্দ্রের একজন মুহাদ্দেস (শিক্ষক)-কে বহিষ্কার করা হয়েছে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) পরীক্ষা কেন্দ্রে ঢোকার সাথে সাথে ঐ শিক্ষক কয়েকজন ছাত্রের নকল নিয়ে নিজের জোব্বার ভেতরে রেখে দিয়ে ছিলেন, কিন্তু ঘটনাটি এডিএম ধরে ফেলেন এবং তাকে বহিষ্কার করেন।

গতকাল এইচএসসি পরীক্ষায় (ইংরেজীতে) একটি ব্যতিক্রমধর্মী ঘটনা ঘটেছে। সাঁথিয়া কেন্দ্রে ইংরেজী পরীক্ষা শুরুর আগে একজন পরীক্ষার্থী তার বসবার জায়গায় (সামনের হাইবেঞ্চে) কাঠ পরিষ্কার করে 'ফ্লাড ইন বাংলাদেশ' রচনা লিখে রাখে। গতকাল পরিদর্শকরা তা ধরে ফেলেন এবং ঐ ছাত্রটিকে বহিষ্কার করেন। জেলা প্রশাসক মোহাম্মদ আবু তাহেরের নির্দেশে ঐ হাই বেঞ্চের রচনা লেখা অংশটি করাত দিয়ে কাটা হয় এবং ছাত্রটির পরীক্ষার খাতার সাথে ঐ কাঠের খণ্ডটিও প্যাকেট করে রাজশাহী শিক্ষা বোর্ডে পাঠিয়ে দেয়া হয়। এর আগে বাংলা পরীক্ষার দিন ঈশ্বরদী একটি কেন্দ্র থেকে কয়েকজন পরীক্ষার্থীর জুতার ভেতর রাখা নকল উদ্ধার করা হয়। ঐ জুতাগুলোও (পাঁচ জোড়া) পরীক্ষার খাতার প্যাকেটে ভরে রাজশাহীতে পাঠানো হয়েছে।

পাবনা জেলার ১২টি কেন্দ্রে সাড়ে আট হাজার ছাত্রছাত্রী এবারে এইচএসসি পরীক্ষা দিচ্ছে। এদের মধ্যে বাংলা ও ইংরেজী এই দুই পরীক্ষায় মোট ৭শ' ২৪ জনকে বহিষ্কার করা হয়েছে, ঈশ্বরদী, বেড়া, সাঁথিয়াসহ বিভিন্ন স্থানে শিক্ষক এমনকি নকল সরবরাহের অভিযোগে কলেজের দু'জন পিয়নকেও বহিষ্কার করা হয়। পরীক্ষার্থীদের মাথা ব্যথার ওষুধ (ট্যাবলেট) সরবরাহ করার নামে তারা নকল সরবরাহ করছিল।